



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/16/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো নিউ ইয়র্ককে গতিশীল করার নীলনকশা তুলে ধরেছেন

এই নীলনকশা সংক্রমণের হার নিয়ন্ত্রণে, স্বাস্থ্য সেবা ব্যবস্থা জোরদার করতে এবং ফেডারেল গভার্নমেন্টের সহায়তায় টেস্টিং জোরদার করতে কাজ করার পাশাপাশি অর্থনৈতিক অবস্থা "নতুনভাবে স্বাভাবিক" এর দিকে ফিরিয়ে নিয়ে আসবে

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ককে গতিশীল করার জন্য একটি নীলনকশা তুলে ধরেছেন যাতে মানুষেরা কাজে ফিরে যেতে পারে এবং ভাইরাসের নতুনভাবে ছড়িয়ে পড়ার সম্ভাবনা ছাড়াই সামাজিক বিচ্ছিন্নতা শিথিল করা যায়। অন্য স্টেটগুলোর সাথে সমন্বয় রেখে মাল্টি-স্টেট কাউন্সিলে এই চূড়ান্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে।

- কোনো ক্ষতি করবেন না** - প্রথম ধাপটি হলো সংক্রমণের হার নিয়ন্ত্রণে রাখা। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, 15 মে পর্যন্ত-এ অবরুদ্ধ থাকার আদেশ বাড়ানো এবং সংক্রমণের হার কমানোর জন্য অতিরিক্ত ব্যবস্থা কার্যকর করার পাশাপাশি যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় তখন জনসম্মুখে মাস্ক ব্যবহার করা।
- স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করা** - দ্বিতীয় ধাপটি হলো যারচিকিৎসা ব্যবস্থায় প্রয়োজন আছে তা নিশ্চিত করার জন্য সার্জ এবং ফ্লেক্স কৌশল অব্যাহত রাখা, ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (Personal Protective Equipment, PPE)-এর কৌশলগত মজুদ এবং অন্যান্য চিকিৎসা সরঞ্জাম সংরক্ষণ করা এবং স্টেটও অঞ্চলগুলোতে সেই সমস্ত উপাদান বা সরঞ্জামগুলো পৌঁছে দেওয়া।
- টেস্টিং অ্যান্ড কন্টাক্ট ট্রেসিং** - সিদ্ধান্ত জানানোর জন্য সর্বোত্তম উপকরণ এবং অর্থনীতির যেকোনো ধাপে সক্রিয় করার অগ্রগতির নির্ণায়ক হলো রোগ নির্ণয় করা এবং অ্যান্টিবডি টেস্ট করা। স্টেটগুলির এখন দরকার ফেডারেল গভার্নমেন্টের এই প্রচেষ্টার অংশীদার হওয়া যেন এই প্রচেষ্টাসমূহ প্রয়োজন অনুপাতে ব্যাপক ভিত্তিতে চালিয়ে নেওয়া যায়। তদন্তকারী সেনাবাহিনীর সহায়তায়, ভাইরাসের বিস্তার সীমিত করার জন্য কন্টাক্ট ট্রেসিং করা প্রয়োজন।
- "নতুনভাবে স্বাভাবিকতায়" ধাপে ধাপে ফেরা-**
 - শিল্প ক্ষেত্রে ঝুঁকির মূল্যায়ন করা: 'গতিশীল NY' পদ্ধতিটি পর্যায়ক্রমে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবসাগুলো চালু করার জন্য পরিকল্পনা করা হয়েছে। যে ব্যবসাগুলো "বেশি

অপরিহার্য" এবং কর্মস্থল ও গ্রাহকদের সংক্রমণের অন্তর্নিহিত কম ঝুঁকির মধ্যে বিবেচনা করা হয় সেগুলোকে অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি অন্যান্য যে ব্যবসাগুলো "কম অপরিহার্য" বা যারা সংক্রমণের একটি উচ্চতর ঝুঁকিতে আছে তাদেরকেও বিবেচনা করা হবে। সংক্রমণের হার কমে যাওয়ায় ব্যবসাগুলো পুনরায় চালু করার গতি বাড়ানো হবে।

• ব্যবসাগুলোর ক্ষেত্রে সাবধানতা এবং তা অনুশীলনের ধাপে ধাপে "নতুনভাবে স্বাভাবিকতায়" ফিরে আসার বিষয়টি বিবেচনা করা:

- পরিবহন: কর্মীদের নিরাপদ পরিবহনের নিশ্চিত করা (যেমন- মাস্ক, পাবলিক ট্রানজিটের জন্য গ্লাভস) বা টেলিকমিউটিং/বাড়ি থেকে কাজ করা।
- কর্মক্ষেত্রে: কর্মক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থা নিশ্চিত করা (অর্থাৎ ডেস্ক ছয় ফুট দূরত্বে রাখা ছাড়াও কনফারেন্স রুমের ব্যবস্থা করা), যারা পারে এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ তাদের জন্য টেলিকমিউটিং ব্যবস্থা নিশ্চিত করা
- কাস্টমার ইন্টারঅ্যাকশন: গ্রাহকদের সাথে ন্যূনতম যোগাযোগ নিশ্চিত করার জন্য পরিকল্পিত ব্যবস্থা নিশ্চিত করা, পাবলিক- ইন্টারঅ্যাকশন কর্মীদের প্রয়োজনীয় প্রতিরক্ষামূলক ব্যবস্থা সরবরাহ যেমন- গ্লাভস, মাস্ক ইত্যাদি নিশ্চিত করা। মূলত সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সাথে কারবার করা ব্যবসাগুলোর জন্য বিশেষ সাবধানতা অবলম্বন করা উচিত।
- নিয়ন্ত্রণমূলক সংক্রমণের পরিকল্পনা: একজন কর্মচারীর COVID-19 উপসর্গ দেখা দিলে বা টেস্টে পজিটিভ হলে তার ক্ষেত্রে সেখানে প্রোটোকল (যেমন- বাসায় থেকে কাজ করা) নিশ্চিত করা উচিত

"এখন আমরা দেখিয়েছি যে আমরা সংক্রমণের ভারসাম্যহীন রেখাটি সমান্তরাল রাখতে পারছি এবং ভাইরাসের ছড়িয়ে পড়া নিয়ন্ত্রণের জন্য আমাদের প্রচেষ্টা কাজ করছে, এখন আমরা অবশ্যই নিউ ইয়র্ককে আবার গতিশীল করতে একটি সঠিক, কার্যকর পরিকল্পনার উপর আলোকপাত করব," **গভর্নর কুওমো বলেন।** "পরিকল্পনার প্রথম অংশ হলো আর কোনো ক্ষতি করতে পারবেন না - যেমন- সেই সংক্রমণের হার আপনার সামর্থ্যের সর্বোচ্চ চেষ্টা দিয়ে আর বাড়তে না দেওয়া এবং আমরা যে উন্নতি করেছি তা বজায় রাখা। দ্বিতীয়ত, এখন এক সপ্তাহ ধরে ওভার ড্রাইভ করার পর আমাদের স্বাস্থ্য সেবা ব্যবস্থায় কিছু স্থায়ী হচ্ছে, আমরা সেই সিস্টেমকে শক্তিশালী এবং টেস্টিং ও কন্টাক্ট ট্রেসিংকে জোরদার করতে থাকবো যেন যারা অসুস্থ তাদের শনাক্ত এবং বিচ্ছিন্ন করে রাখা যায় যাতে তারা ভাইরাসটিকে অন্যদের শরীরে স্থানান্তর না করতে পারে। এরপর আমরা নতুন করে স্বাভাবিকভাবে একটি অর্থনৈতিক প্রত্যাবর্তনের দিকে মনোযোগ দিতে পারি - কিন্তু একই সাথে গতিশীল নিউ ইয়র্ক পরিকল্পনাকে কার্যকর করার জন্য আমাদের যথাযথ কার্যক্রমগুলো অব্যাহত রাখা দরকার।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)